

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৪৭৬.২০১৬- ২৬১৩


তারিখ : ২৩/০৮/১৬

বিষয় : রীট পিটিশন নং-৫২০২/২০১৬, বাদী জনাব মোঃ গোলাম জিলানী, পিতা-মোঃ ইউনুছ মিয়া, গ্রাম-
ধানসর এবং চেয়ারম্যান, ৪নং খাড়া ইউনিয়ন পরিষদ, থানা-কসবা, জেলা-ব্রাহ্মণবাড়িয়া-বনাম-
সরকার ও অন্যান্য।

ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন ৪নং খাড়া ইউনিয়ন পরিষদের নির্বাচন ট্রাইবুনাল
মামলা সংক্রান্ত ই.টি ০১/২০১২ মামলার বিগত ১৩/০৩/২০১৬ইং তারিখের রায় এর কার্যকারিতা স্থগিতকরণ
সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ
করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৫২০২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট
মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য
আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে
অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of
facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে
নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫
E-mail : ishanaliraja@gmail.com

চেয়ারম্যান
নির্বাচনী ট্রাইবুনাল
এবং

অতিরিক্ত জেলা জজ
১ম আদালত, ব্রাহ্মণবাড়িয়া।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।